

তারাকান্দা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী



সভাপতি : জনাব মোঃ ফজলুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ১১/০২/২০২১ খ্রিঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক দৃষ্টব্য

জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা কে সভা পরিচালনা করার আহ্বান জানান। আলোচ্য সূচির ক্রমধারা অনুযায়ী সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ বিভিন্ন সমস্যাবলি সমাধানকল্পে বক্তব্য উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপনান্তে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

আলোচ্য সূচি-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।

বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কারো কোনো সংযোজন বিয়োজন কিংবা সংশোধনী না থাকায় সর্বসম্মতি ক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ় করণ করা হয়।

আলোচ্য সূচি-২ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

১। গত সভার বিভিন্ন বিভাগের গৃহিত কার্যক্রম সময়মত সম্পন্ন হয়েছে।

ক্রঃনং	প্রতিষ্ঠান	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	চেয়ারম্যান, তারাকান্দা ইউনিয়ন পরিষদ	সভায় জানান যে, তারাকান্দা বাজার ইজারার ১৪২৭ সনের ১৫% অর্থ দ্বারা বঙ্গবন্ধু ম্যুরাল ও বাজারের নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা বসানোর বিষয়ে আলোকপাত করেন।	তারাকান্দা বাজার ও বঙ্গবন্ধু ম্যুরাল এর নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা দ্রুত স্থাপনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা পিআইসি কমিটির মাধ্যমে
২	সহকারী কমিশনার (ভূমি), তারাকান্দা	সভায় জানান যে, সহকারী কমিশনার (ভূমি), তারাকান্দা এর আবাসিক বাসভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের ভিতরে জায়গা নির্ধারণ, স্ক্যাচম্যাপ তৈরি পূর্বক প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সহকারী কমিশনার (ভূমি), তারাকান্দা এর আবাসিক বাসভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের ভিতরে জায়গা নির্ধারণ, স্ক্যাচম্যাপ তৈরি পূর্বক প্রস্তাব সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী কমিশনার (ভূমি), তারাকান্দা

৩। সমাজসেবা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার ০৭.০২.২০২১ খ্রি. তারিখের ৪১.০১.০০০০.০০৭.০১৪.৩৯৮.১৯.১০৮ নং স্মারকে “শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন (৪৯৩টি উপজেলায়) প্রকল্প” প্রনয়নের নিমিত্ত জমির ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকারণ বিষয়ে নির্দেশনা রয়েছে।

সিদ্ধান্তঃ সভায় “শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা কমপ্লেক্স স্থাপন (৪৯৩টি উপজেলায়) প্রকল্প” প্রনয়নের নিমিত্ত জমির ডিজিটাল সার্ভে নকশা ও সীমানা চিহ্নিতকারণসহ সামগ্রিক বাস্তবায়ন পূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে দ্রুতহম সময়ের মধ্যে প্রেরণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিকল্পনা শাখা-০১ বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৪.০১.২০২১ তারিখের ৫৭.০০.০০০০.১২১.১৪.০৪২.১৮.২ নং স্মারক পত্রে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভিন্ন মাদ্রাসার চলমান নির্মাণ কার্যক্রম তদারকির জন্য স্থানীয় প্রকল্প সুপারভিশন কমিটি (LSC) গঠনের নির্দেশনা রয়েছে।

সিদ্ধান্তঃ সভায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতায় বিভিন্ন মাদ্রাসার চলমান নির্মাণ কার্যক্রম তদারকির জন্য স্থানীয় প্রকল্প সুপারভিশন কমিটি (LSC) নিম্নরূপ ভাবে গঠন করা হলো। এক উক্ত সুপারভিশন কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০১।	উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা	আহ্বায়ক
০২।	সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ	সদস্য
০৩।	সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ/সুপার	সদস্য
০৪।	মাদ্রাসার ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি-ও একজন সদস্য (কমিটি কর্তৃক মনোনীত)	সদস্য
০৫।	উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, তারাকান্দা	সদস্য সচিব

৫৫